

হাঁপানির আক্রমণকে (অ্যাজমা অ্যাটাক) কিভাবে চিনবেন

আপনার সন্তানের হাঁপানির আক্রমণের লক্ষণ ও উপসর্গগুলোকে চিনতে পারাটা গুরুত্বপূর্ণ। সচেতন থাকুন যে হাঁপানির আক্রমণের সূচনা ধীরে ধীরে কয়েক দিনের মধ্যে দেখা দিতে পারে। তাড়াতাড়ি চিনতে পারা আপনার সন্তানকে আরো খারাপ হওয়া এবং হাসপাতালে ভর্তি হওয়া থেকে প্রতিরোধ করতে সাহায্য করবে।

হাঁপানির আক্রমণের সময় আপনার সন্তানের মধ্যে এই উপসর্গগুলোর এক অথবা একাধিকটি থাকতে পারে:



কষ্ট করে এবং দ্রুত শ্বাস ফেলা

আপনি লক্ষ্য করতে পারেন যে আপনার শিশু দ্রুত শ্বাস নিচ্ছে অথবা বুক 'ভিতরের দিকে দেবে (রিসেশন)' যাচ্ছে যা হল পাঁজরগুলোর মাঝখানে অথবা পাঁজরের নিচে পেশীগুলোকে ভিতরের দিকে টেনে নেওয়া।

হুইজিং (শ্বাস নেওয়া ও ছাড়ার সময় শোঁশোঁ আওয়াজ হওয়া)

এটি মূলত একটি উচ্চ-পিচযুক্ত বাঁশির আওয়াজ যা শ্বাস নেওয়া এবং ত্যাগ করার সময় শোনা যায়, এমন শব্দ যা হাঁপানির সময় হওয়া স্ফীত এবং সংকীর্ণ শ্বাসনালী দ্বারা উৎপাদিত হয়।



কাশি হওয়া

আপনার সন্তানের কাশি খারাপ থেকে আরো খারাপ হতে পারে, বিশেষ করে রাতে আপনার সন্তানের আরামদায়ক ঘুম হওয়াতে বাধা দেয়।

শ্বাসকষ্ট হওয়া

আপনার সন্তানকে কম সক্রিয় দেখাতে পারে, সাথে খেতে না চাওয়া অথবা এমনকি অস্থিরতাও থাকতে পারে। এটি এমন একটি লক্ষণ হতে পারে যে তাদের খুব বেশি শ্বাসকষ্ট হওয়ায় আশেপাশে দৌড়াতে, খেতে অথবা এমনকি ঘুমাতেও পারছে না।



পেটে অথবা বুকে ব্যথা করা

সচেতন থাকুন যে ছোট শিশুরা প্রায়শই পেট ব্যথার অভিযোগ করে যখন এটি আসলে তাদের বুকে হয়ে থাকে যা তাদের অস্থিরতার কারণ হয়।



উপশমকারী ইনহেলারের বর্ধিত ব্যবহার

আপনার সন্তানের বয়স যদি যথেষ্ট হয়, তবে সে আক্রমণের সময় আরো ঘন ঘন উপশমকারী ইনহেলার চাইতে পারে। এটি গুরুত্বপূর্ণ যে আপনি আপনার সন্তানের হাঁপানির অ্যাকশন প্ল্যান মেনে চলছেন এবং যখন উপশমকারী ইনহেলার আপনার সন্তানের উপসর্গগুলোর উন্নতি করতে ব্যর্থ হয় তখন কখন সাহায্য

চাইতে হবে তা জেনে নিন।